



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং-৩২৭/ক/অনঃ/২০১৩/২৫৮

তারিখ: ০৯/০৬/২০২৪

বিষয়: ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে উচ্চমাধ্যমিক পর্যায়ে ইংলিশ ভার্সনে ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) অধ্যক্ষের পত্র নং- ববি/২১১৫৪০, তারিখ: ২৭/০৮/২০২৩ এর আবেদন।

(২) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ২৬/০৫/২০২৪ তারিখের পরিদর্শন প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্তসমূহ এবং শাখা ও বিষয়সমূহসহ ঢাকা মহানগরের গুলশান থানায় অবস্থিত "বনানী বিদ্যালয়কেন্দ্রিত স্কুল এন্ড কলেজ" -এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে উচ্চমাধ্যমিক পর্যায়ে বাংলা মাধ্যমের পাশাপাশি ইংরেজী মাধ্যমে/ইংলিশ ভার্সনে "মানবিক ও ব্যবসায় শিক্ষা" শাখায় শিক্ষার্থী ভর্তি ও শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করা হলো।

শাখাসমূহ	আবশ্যিক	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা
(১) মানবিক	(১) বাংলা	(১) পৌরনীতি ও সুশাসন	(১) হিসাব বিজ্ঞান
(২) ব্যবসায় শিক্ষা	(২) ইংরেজি	(২) সমাজ বিজ্ঞান	(২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
	(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	(৩) ইতিহাস	(৩) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
		(৪) কৃষি শিক্ষা	(৪) ফিন্যান্স ব্যাংকিং ও বীমা

শর্তসমূহ :

- নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) নিজস্ব অর্থায়নে পরিচালিত হবে ;
- আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে ;
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না ;
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না ;
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে ;
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে ;
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে ;
- চলমান ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর নিয়মিত/এডহক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে ;
- এই অনুমতির মেয়াদ আগামী ৩ (তিন) বছর কার্যকর থাকবে ;
- শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুসরণ করতে হবে ;
- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না ;
- কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে ;
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে ;
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে ;
- উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- মানবিক শাখায় ১০০ জন ব্যবসায় শিক্ষা শাখায় ১০০ জন বিজ্ঞান শাখা ১০০ জন ;
- প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়ে) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে ;  
(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;  
(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;  
(গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার রশিদ ;
- উপরোক্ত শর্ত পালনে ব্যর্থ হলে এই অনুমতি প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর জুঁড়া  
কলেজ পরিদর্শক (অতি: দায়িত্ব) ও বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৫৮৬১২৪৬৬

অধ্যক্ষ

বনানী বিদ্যালয়কেন্দ্রিত স্কুল এন্ড কলেজ (EIN : 108016)

গুলশান, ঢাকা।

মেমো নং : ২৫৮(৭)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল

- সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা
- পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা
- জেলা প্রশাসক, ঢাকা
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- অফিস কপি

তারিখ : ০৯/০৬/২০২৪

কলেজ পরিদর্শক (অ: দাঃ)  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

হস্তাক্ষর